SME NEWS
# এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার

এসএমই ফাউন্ডেশন

বর্ষ ০৮ | সংখ্যা ২৬ | জুলাই ২০১৯

## এসএমই নারী উদ্যোক্তাদের ক্রেতা বিক্রেতা সম্মিলন ২০১৯



ক্রেতা-বিক্রেতা সম্মিলনে স্টল পরিদর্শন করছেন শিল্পমন্ত্রী, ফাউন্ডেশনের চেয়ারপার্সন ও ব্যবস্থাপনা পরিচালক

নারী-উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রমকে ত্বরান্বিত করণ এবং দেশে নারী-উদ্যোক্তাবান্ধব পরিবেশ তৈরিতে ফাউন্ডেশনের নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং ৫ম বারের মতো ক্রেতা-বিক্রেতা সম্মিলন (ম্যাচমেকিং) অনুষ্ঠান আয়োজন করেছে। নতুন ব্যবসা শুরু করেছেন এবং শো-রুম বিহীন নারী-উদ্যোক্তাদের পণ্যের গুণগত মানোন্নয়নের মাধ্যমে বাজারজাতকরণ সমস্যা সমাধানই এই কর্মসূচির মূল উদ্দেশ্য। কর্মসূচির মাধ্যমে নতুন নারী-উদ্যোক্তাগণ পণ্যের নতুন বাজার সন্ধানের পাশে বিক্রেতাদের কাঙ্ক্ষিত সরবরাহকারী লাভে সহায়ক হচ্ছে। ২৯ এপ্রিল ২০১৯ ঢাকাস্থ ধানমন্ডির মাইডাস সেন্টারে সম্মেলনটির আয়োজন করা হয়। নতুন এবং সম্ভবনাময় ৪৫ জন নারী-উদ্যোক্তার পণ্য প্রদর্শনীর মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। প্রদর্শনীতে উদ্যোক্তারা বুটিকস, হস্তশিল্প, প্রক্রিয়াজাত খাদ্য, চামড়াজাত ও পাটজাত পণ্য বিভিন্ন ক্রেতা প্রতিষ্ঠানের আগত ক্রেতাদের থেকে অর্ডার প্রাপ্তির জন্য উপস্থাপন করেন। সম্মিলনের সমাপনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন কে এম হাবিব উল্লাহ। উক্ত অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকসহ বিভিন্ন ক্রেতা-প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণ, নারী-উদ্যোক্তা, সাংবাদিকসহ মোট ২০০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।

## শিল্প মন্ত্রণালয় এর সাথে এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত

২০১৯ সালের ২৩শে জুন দ্বিতীয়বারের মতো শিল্প মন্ত্রণালয় এর সাথে এসএমই ফাউন্ডেশনের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের মন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি ও বিশেষ অতিথি ছিলেন প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার, এমপি। অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুল হালিম এবং এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক এস এম শাহীন আনোয়ার স্বীয় প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করেন। এছাড়াও অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয় ও ফাউন্ডেশনের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সরকারের ঘোষিত নীতিমালার যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন, সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি কর্ম-সম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে। উল্লেখ্য, ২০ জুন ২০১৮ তারিখে ফাউন্ডেশন প্রথমবারের মত এ চুক্তি সাক্ষর করে।




শিল্পসচিব ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচাকের নিকট কর্মসম্পাদন চুক্তি হস্তান্তর করছেন

# চট্টগ্রামে এসএমই উদ্যোক্তা-ব্যাংকার সম্মেলন ও নতুন উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তি বিষয়ক সেমিনার

চট্টগ্রামের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী ও বেকার যুবক-যুবতীদের অংশগ্রহণে 'নতুন উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তি বিষয়ক সেমিনার এবং ম্যাচ-মেকিং' অনুষ্ঠান ২ মে ২০১৯, বৃহস্পতিবার, ইছামতি হল, হোটেল আগ্রাবাদ, চট্টগ্রামে আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কে এম হাবিব উল্লাহ, চেয়ারপার্সন, এসএমই ফাউন্ডেশন। বিশেষ অতিথি ছিলেন আবিদা মোস্তফা, প্রেসিডেন্ট ইন চার্জ ও সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, চট্টগ্রাম উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোঃ নুরুল আজম নিজামী, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন), চট্টগ্রাম। কর্মসূচিতে অংশগ্রহণকারীদের নতুন ব্যবসা সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূরীকরণে উৎসাহিতকরণের পাশাপাশি নতুন উদ্যোক্তা হওয়ার প্রয়োজনীয় নির্দেশাবলি, আইনগত ও অন্যান্য শর্ত ও প্রক্রিয়া এবং নতুন উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির জন্য করণীয় বিষয়ে ধারণা প্রদান করা হয়। পাশাপাশি নতুন উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টিতে উদ্যোক্তা-ব্যাংকার ঋণ ম্যাচমেকিং প্রোগ্রাম আয়োজন করা হয়। কর্মশালায় চট্টগ্রাম জেলার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী ও বেকার যুবক-যুবতী, নতুন উদ্যোক্তা, চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, বিসিক, চট্টগ্রাম উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়সহ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান এবং ট্রেড বডি ও অ্যাসোসিয়েশনের প্রতিনিধিসহ প্রায় ২০০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।



সেমিনারে বক্তব্য রাখছেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন কে এম হাবিব উল্লাহ

# এসএমই'তে কাইজেন কর্মসূচির প্রশিক্ষণ আয়োজিত


ঢাকার হাজারিবাগে এসএমই' তে কাইজেন কর্মসূচি

২০১৮-১৯ অর্থবছরে কাইজেন বা ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন ৪টি প্রতিষ্ঠান, ক. প্রিন্স কেমিক্যাল কোম্পানি লিঃ, পাবনা, খ. মেঘনা কেবল ইন্ডাঃ, খুলনা, গ. স্মার্ট লেদার, হাজারীবাগ, ঢাকা এবং ঘ. আর্টিসান ক্রাফটস, মিরপুর, ঢাকা তে যথাক্রমে ২০-২১ এপ্রিল, ২৭-২৮ এপ্রিল, ৩-৪ মে এবং ১১-১২ মে ২০১৯ পৃথক ৪টি ইন-প্লান্ট প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বিশেষ ধরনের প্রশিক্ষণগুলোতে প্রতিষ্ঠান ভেদে প্রস্তুতকৃত কাইজেন ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন বিষয়ে প্রতিষ্ঠানগুলোর ১০-১২ জন সদস্যবিশিষ্ট দল-কে কাইজেনের বিভিন্ন পদ্ধতি ও কৌশল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতিষ্ঠানসমূহে কাইজেন বা ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে নিয়োজিত ২ জন অভিজ্ঞ কাইজেন পরামর্শক প্রশিক্ষণসমূহ পরিচালনা করেন। পরবর্তী পর্যায়ে প্রশিক্ষণলব্ধ জ্ঞান দ্বারা কাইজেন দল স্ব স্ব প্রতিষ্ঠানে পূর্বনির্ধারিত কাইজেন প্রকল্পসমূহ বাস্তবায়নে সহযোগিতা করবেন। উল্লেখ্য যে 'এসএমই'তে কাইজেন' ফাউন্ডেশনের নিয়মিত কর্মসূচি যা পদ্ধতিগত নির্বাচন, কাইজেন সুযোগ-সম্ভাবনা বিশ্লেষণ, প্রশিক্ষণ, প্রকল্প বাস্তবায়ন, মনিটরিং এবং মূল্যায়নের দ্বারা এসএমই প্রতিষ্ঠানসমূহের উৎপাদনশীলতা ও গুণগত মানোন্নয়নের লক্ষ্যে পরিচালিত হয়।

# নওগাঁয় 'বয়লার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা' প্রশিক্ষণ অনুষ্ঠিত

জাতীয় শিল্পনীতি ২০১৬ এ উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকরণ খাতের অটো বা সেমি-অটো রাইস মিলসহ বিভিন্ন শিল্পে ব্যবহৃত একটি অপরিহার্য যন্ত্র বয়লার। যুগোপযোগী জ্ঞানসম্পন্ন সুদক্ষ বয়লার অপারেটর গড়ে তোলার জন্য প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের সহযোগিতায় ১০-১৬ এপ্রিল ২০১৯ নওগাঁ জেলায় 'বয়লার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা' দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ আয়োজন করা হয়। এই প্রশিক্ষণে মূলত বয়লারের গঠন ও কাঠামো, মাউন্টিং ও এক্সেসরিস, বয়লার আইন ও বয়লার পরিচারক বিধিমালা, বয়লার নিরাপত্তা ও ট্রাবলশুটিং ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীদের বিষদ ধারণা প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণে নওগাঁ জেলা চাউলকল মালিক গ্রুপের সদস্য ২২টি প্রতিষ্ঠানের ৪১জন বয়লার অপারেটর ও টেকনিশিয়ান অংশগ্রহণ করেন।


নওগাঁয় 'বয়লার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা' দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ

# ভোলা, দিনাজপুর, সিলেট ও নড়াইল-এ 'ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালা অনুষ্ঠিত

ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) শিল্পোদ্যোক্তাদের জন্য অন্যতম প্রতিবন্ধকতা হল সহজ শর্তে ঋণপ্রাপ্তি। এছাড়া, এসএমই'র বিতরণকৃত ঋণের সিংহভাগ ট্রেডিং উপখাতে বিতরণ করা হচ্ছে। উৎপাদন ও সেবাখাতের উদ্যোক্তারা কাঙ্ক্ষিত ঋণ পাচ্ছেন না। উৎপাদন ও সেবাখাত দেশে কর্মসংস্থান সৃষ্টির অন্যতম উৎস। এ প্রেক্ষাপটে দেশে নতুন কর্মসংস্থান সৃষ্টি ও সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতে ঋণ বিতরণ বৃদ্ধির কোনো বিকল্প নেই। বাংলাদেশের ক্ষেত্রে এসএমই ব্যাংকিং ও এসএমই অর্থায়ন একটি নতুন ধারণা। এরূপ ধারনা ব্যাংকার ও উদ্যোক্তাদের নিকট সুপরিচিত নয়। ব্যাংক কর্মকর্তাদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন নীতিমালা, সার্কুলার, প্রকাশনা, কর্মসূচি, ঋণ অনুমোদন ও আদায় সম্পর্কিত কৌশল ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এসএমই ব্যাংকিং বিষয়ে সচেতন ও দক্ষ এবং সংশ্লিষ্ট গ্রাহকদের সচেতনতা বৃদ্ধিতে এসএমই ফাউন্ডেশন নিয়মিত 'ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালা আয়োজন করে।




সিলেটে 'ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ

## ভোলা

ভোলা জেলার ব্যাংকারদের এসএমই ঋণ সম্পর্কে বিশদ ধারণা প্রদানের মাধ্যমে অধিক হারে এসএমই ঋণ বিতরণে উৎসাহিতকরনে ফাউন্ডেশন বাংলাদেশ ব্যাংক, বরিশাল-এর সহযোগিতায় ১০-১১ এপ্রিল ২০১৯ ভোলা জেলা পরিষদ মিলনায়তনে "ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' দুই দিনব্যাপী একটি কর্মশালা আয়োজন করে। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শেখ মোঃ সেলিম, মহাব্যবস্থাপক, এসএমই এন্ড এসপিডি, প্রধান কার্যালয়, বাংলাদেশ ব্যাংক, ঢাকা। বিশেষ অতিথি ছিলেন স্বপন কুমার বিশ্বাস, উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, বরিশাল। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুমন চন্দ্র সাহা, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। মূল কর্মশালায় ভোলা জেলার বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ও এসএমই সংশ্লিষ্ট ৪০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## দিনাজপুর

দিনাজপুর জেলায় এসএমই ফাউন্ডেশন বাংলাদেশ ব্যাংক, রংপুর-এর সহযোগিতায় ১৫-১৬ মে ২০১৯ পর্যটন মোটেল, দিনাজপুর -এ ভোলা'র অনুরূপ কর্মশালা আয়োজিত হয়। কর্মশালার উদ্বোধনীতে প্রধান অতিথি ছিলেন মোহাম্মদ গোলাম হায়দার, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, রংপুর। বিশেষ অতিথি ছিলেন মোঃ রশিদুল ইসলাম, উপমহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি., প্রিন্সিপাল অফিস, দিনাজপুর। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুমন চন্দ্র সাহা, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। মূল কর্মশালায় দিনাজপুর জেলার বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ও এসএমই সংশ্লিষ্ট ৪৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## সিলেট

সিলেটে 'ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালা বাংলাদেশ ব্যাংক, সিলেট এর সহযোগিতায় ১১-১২ জুন ২০১৯ বাংলাদেশ ব্যাংক, সিলেট এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সৈয়দ তারিকুজ্জামান, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, সিলেট। বিশেষ অতিথি ছিলেন জীবন কৃষ্ণ রায়, মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, সিলেট। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুমন চন্দ্র সাহা, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। মূল কর্মশালায় সিলেট জেলার বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ও এসএমই সংশ্লিষ্ট ৫৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।



দিনাজপুরে 'ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং' কর্মশালায় উপস্থিত অংশগ্রহণকারী

## নড়াইল

নড়াইল-এ বাংলাদেশ ব্যাংক, খুলনা-র সহযোগিতায় ২৬-২৭ জুন ২০১৯ সার্কিট হাউস, নড়াইল এ ২ দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ মোশাররফ হোসেন খান, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, খুলনা; বিশেষ অতিথি ছিলেন মোঃ আমজাদ হোসেন খান, উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, খুলনা। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুমন চন্দ্র সাহা, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন।

উক্ত ৪টি কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে জেলাগুলোতে অবস্থিত বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধান/ শাখা প্রধানগণ, চেম্বার ও অ্যাসোসিয়েশনের প্রতিনিধিগণ, এসএমই খাত সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান (বিসিক, নাসিব, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়) এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। ২ দিনব্যাপী কর্মশালায় উপস্থিত ব্যাংকারদের এসএমই ঋণ সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান ও ঋণ বিতরণে উৎসাহিত করণে ৬টি করে সেশন পরিচালনা করা হয়। সেশনসমূহে দেশে এসএমই ঋণ বিতরণ বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংক, সরকার, এসএমই ফাউন্ডেশন গৃহীত বিভিন্ন পদক্ষেপ ও এসএমই ঋণ বিতরণ ও আদায় পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়।

# ক্লাস্টারভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি

২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৪টি ক্লাস্টারে চাহিদাভিত্তিক ৩২টি প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। তন্মধ্যে জানুয়ারি - জুলাই, ২০১৯ পর্যন্ত বিভিন্ন ক্লাস্টারে নিম্নোক্ত ২৪টি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

| ক্রমিক | ক্লাস্টারের নাম | প্রশিক্ষণের নাম | সময় |
|---|---|---|---|
| ১ | পূর্ব মাদারবাড়ি পাদুকা ক্লাস্টার | 'হিসাবরক্ষণ' প্রশিক্ষণ | ০৯-১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| ২ | পাবনা হোসিয়ারি ক্লাস্টার | 'Export Procedures' প্রশিক্ষণ | ১১-১৩ ফেব্রুয়ারি, ২০১৯ |
| ৩ | পাবনা হোসিয়ারি ক্লাস্টার | 'নেতৃত্ব' প্রশিক্ষণ | ১৮-১৯ মার্চ, ২০১৯ |
| ৪ | পাবনা লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার | 'ব্যবসায় ব্যবস্থাপনা' প্রশিক্ষণ | ০৯-১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| ৫ | গোবিন্দগঞ্জ হোসিয়ারি ক্লাস্টার | 'ব্যবসায় ব্যবস্থাপনা' প্রশিক্ষণ | ১২-১৪ ফেব্রুয়ারি, ২০১৯ |
| ৬ | গোবিন্দগঞ্জ হোসিয়ারি ক্লাস্টার | 'বিপণন কৌশল' প্রশিক্ষণ | ২৫-২৭ ফেব্রুয়ারি, ২০১৯ |
| ৭ | বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার | 'Modern Machining Techniques and demonstration)' প্রশিক্ষণ | ৪-৫ মার্চ, ২০১৯ |
| ৮ | বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার | 'নেতৃত্ব' প্রশিক্ষণ | ২০-২১ মার্চ, ২০১৯ |
| ৯ | কালুহাটি পাদুকা ক্লাস্টার | 'পণ্য বহুমুখীকরণ' প্রশিক্ষণ | ২৪-২৬ ফেব্রুয়ারি, ২০১৯ |
| ১০ | ভৈরব পাদুকা ক্লাস্টার | 'পণ্য বহুমুখীকরণ' প্রশিক্ষণ | ৫-৭ মার্চ, ২০১৯ |
| ১১ | সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টার | 'নেতৃত্ব' প্রশিক্ষণ | ১৬-১৭ মার্চ, ২০১৯ |
| ১২ | শাঁওইল হ্যান্ডলুম ক্লাস্টার | 'নেতৃত্ব' প্রশিক্ষণ | ২০-২১ মার্চ, ২০১৯ |
| ১৩ | সুজানগর আগর-আতর ক্লাস্টার | 'নেতৃত্ব' প্রশিক্ষণ | ২৭-২৮ মার্চ, ২০১৯ |
| ১৪ | সুজানগর আগর-আতর ক্লাস্টার | 'ই-মার্কেটিং' প্রশিক্ষণ | ১০-১১ এপ্রিল, ২০১৯ |
| ১৫ | কুমারখালী টেক্সটাইল ক্লাস্টার | 'ব্যবসায় ব্যবস্থাপনা' প্রশিক্ষণ | ১৬-১৮ এপ্রিল, ২০১৯ |
| ১৬ | বগুড়া লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার | 'Heat & Surface Treatment of Light Engineering Products' সেমিনার | ১৯ এপ্রিল, ২০১৯ |
| ১৭ | পাবনা লাইট ইঞ্জিনিয়ারিং ক্লাস্টার | 'হিসাবরক্ষণ' প্রশিক্ষণ | ২৭-২৯ এপ্রিল, ২০১৯ |
| ১৮ | বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টার | 'বিপণন কৌশল' প্রশিক্ষণ | ২৮-৩০ মে, ২০১৯ |
| ১৯ | পাবনা হোসিয়ারি ক্লাস্টার | 'Sewing Techniques' প্রশিক্ষণ | ১৭-১৯ জুন, ২০১৯ |
| ২০ | পাবনা হোসিয়ারি ক্লাস্টার | 'Product Design Development for International Markets' প্রশিক্ষণ | ২০-২২ জুন, ২০১৯ |
| ২১ | বলদিয়া ক্রিকেট ব্যাট ক্লাস্টার | 'হিসাবরক্ষণ' প্রশিক্ষণ | ২১-২৩ জুন, ২০১৯ |



বহুমুখী পণ্য তৈরি প্রশিক্ষণ, কালুহাটি, রাজশাহী



১৫টি ক্লাস্টারের প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা




ব্যবসা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, গোবিন্দগঞ্জ



ব্যবসা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, পাবনা




নেতৃত্ব বিষয়ক প্রশিক্ষণ, সৈয়দপুর




ব্যবসা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, কুমারখালী

# ইন্টারন্যাশনাল জার্নাল অব এসএমই ডেভেলপমেন্ট -এর ২য় সংখ্যা প্রকাশিত

ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতের উন্নয়ন ত্বরান্বিত করণে এসএমই ফাউন্ডেশন প্রতিষ্ঠালগ্ন থেকেই বিভিন্ন ধরণের কর্মসূচি বাস্তবায়ন করছে। যার ধারাবাহিকতায় ফাউন্ডেশন নিয়মিতভাবে 'International Journal of SME Development' জার্নাল প্রকাশ করছে। জার্নালটি গবেষণার মাধ্যমে অর্জিত তথ্য-উপাত্ত সরবরাহের মাধ্যমে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এমন আশা করা যায়। ইতোমধ্যে জার্নালটির ৩য় সংখ্যা প্রকাশিত হয়েছে। জার্নালের ৩য় সংখ্যায় Factors affecting Total Factor Productivity: Firm-level Evidence from Manufacturing Sector of Bangladesh, Major Obstacles for SMEs: A Comparative Analysis of Bangladesh, South Asia and other Developing Countries, Too Small to Export: Firm Characteristics for Export Market Participation in Manufacturing Sector, Managerial Attitudes towards Environmental Sustainability among SMEs in Bangladesh, Promoting Small and Medium Enterprises (SMEs) to Foreign Market: Adopting Uppsala Model to Bangladeshi SMEs, Impact of Microcredit Program on Women Entrepreneurship in Bangladesh: A Case Study of Society for Social Service ইত্যাদি বিষয়ক গবেষণাপত্র প্রকাশিত হয়েছে। বর্তমানে জার্নালের ৪র্থ সংখ্যা প্রকাশের কার্যক্রম চলমান রয়েছে।

## আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ ও পণ্য রপ্তানি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন

২০১৮-১৯ সালের বার্ষিক কর্ম পরিকল্পনার অংশ হিসেবে বিএসএস উইং কর্তৃক গৃহীত আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ ও পণ্য রপ্তানি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি সফলভাবে সম্পন্ন হয়েছে। ক্ষুদ্র ও মাঝারি শিল্প-উদ্যোক্তাদের বিভিন্ন আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ ও পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রস্তুতিতে এসএমই ফাউন্ডেশন ২৯-৩০ এপ্রিল ও ২ মে ২০১৯ ৩ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করে। সকাল ৯.৩০টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত এসএমই ফাউন্ডেশনের কনফারেন্স রুমে প্রশিক্ষণটি আয়জিত হয়। প্রশিক্ষণটির উদ্দেশ্য হল: ১. রপ্তানি বাণিজ্যের বিধি বিধান সম্পর্কে উদ্যোক্তাদের অবহিত করণ, ২. পণ্য রপ্তানির ক্ষেত্রে এসএমই উদ্যোক্তাদের সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, ৩. আন্তর্জাতিক বাজার সম্পর্কে এসএমই উদ্যোক্তাদের ধারণা প্রদান ও ৪. আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ ও পণ্য রপ্তানির জন্য প্রস্তুতি গ্রহণ। প্রশিক্ষণ শেষে ২০ জন অংশগ্রহণকারীকে সনদপত্র প্রদান করা হয়।



ফাউন্ডেশনের কনফারেন্সরুমে প্রশিক্ষনার্থীবৃন্দ

## ২০১৯-২০ অর্থবছরের বাজেটে এনবিআর-এর কাছে ফাউন্ডেশনের ৩৪ প্রস্তাব




ব্যবস্থাপনা পরিচালক সাংবাদিকগণের নিকট বাজেট প্রস্তাবনা উপস্থাপন করছেন

ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) বান্ধব বাজেট তৈরিতে ২৩ এপ্রিল ২০১৯, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর কাছে ৩৪টি প্রস্তাবনা দেয় এসএমই ফাউন্ডেশন। পরবর্তীতে ৩০ এপ্রিল ফাউন্ডেশনের কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলনে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক সফিকুল ইসলাম প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার নিকট প্রস্তাবনা সমূহ তুলে ধরেন। বাজেটে এসব প্রস্তাবনা বাস্তবায়ন হলে হাল্কা প্রকৌশল শিল্প, কৃষি যন্ত্রপাতি উৎপাদনকারী শিল্প, প্লাস্টিক ও মেলামাইন শিল্প এবং বৈদ্যুতিক সরঞ্জাম উৎপাদনকারী শিল্প বিকাশের সুযোগ পাবে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক সহ ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের সদস্য আবদুল মতিন এনডিসি, ফাউন্ডেশনের পরিচালক সালাম জুবায়ের, এসএমই ফাউন্ডেশনের বাজেট প্রস্তাবনা পরামর্শক সাহাব উদ্দিন, উপব্যবস্থাপনা পরিচালক শাহিন আনোয়ারসহ প্রমুখ।

## ক্ষুদ্র ও মাঝারি শিল্প-উদ্যোক্তাদের জন্য ই-কমার্স এবং ই-বিপণন সুবিধা বিষয়ক সেমিনার

বর্তমানে ব্যবসা পরিচালনা ও বিস্তারে ই-কমার্স গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ই-কমার্স ব্যবহারের মাধ্যমে এসএমই উদ্যোক্তাদের পণ্যের প্রচার ও প্রসার বৃদ্ধির সুযোগ আছে এতে উদ্যোক্তারা সহজেই বিশ্বব্যাপী ব্যবসার প্রসার ঘটাতে পারে। এপ্রিল-জুন ২০১৯ এ ফাউন্ডেশন ই-কমার্স বিষয়ক ৫টি সেমিনার কার্যক্রম; বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, বরিশাল, জামালপুর ও যশোর জেলায় আয়োজন করেছে। এ সকল জেলার মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প সংশ্লিষ্ট প্রায় শতাধিক উদ্যোক্তার অংশগ্রহণে অনুষ্ঠিত সেমিনারটির কর্মপরিধি ছিলো এসএমই উদ্যোক্তাগণের জন্য ই-কমার্সের সুযোগ ও সম্ভাবনা বিষয়ে আলোচনা। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপনার মাধ্যমে অনুষ্ঠানের মূল পর্ব শুরু হয়। উপস্থাপিত প্রবন্ধের ওপর উন্মুক্ত আলোচনায় সন্মানিত অতিথি, ফাউন্ডেশনের প্রতিনিধি, প্রবন্ধ-উপস্থাপক, তথ্য প্রযুক্তি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও অংশগ্রহণকারী এসএমই উদ্যোক্তাগন ব্যবসা সম্প্রসারণে ই-কমার্সের গুরুত্ব ও প্রতিবন্ধকতা বিষয়ে আলোচনা করেন।




ই-কমার্স এবং ই-বিপণন সুবিধা বিষয়ক সেমিনার, চাঁপাইনবাবগঞ্জ

# ‘সেকেন্ড স্মল অ্যান্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২)’ প্রকল্প বাস্তবায়ন




সেকেন্ড স্মল অ্যান্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২) কর্মশালা, রাজশাহী

মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের উন্নয়নে আর্থিক সেবা সম্প্রসারণের জন্য এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে ‘সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২)’ প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এই প্রকল্পের Technical Assistance Project Proposal (TAPP) অংশের আওতায় বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নারী উদ্যোক্তা খাতে অর্থায়ন বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংক ও আলোচ্য প্রকল্পের আওতায় চুক্তিবদ্ধ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান (PFI) সমূহের নারী-উদ্যোক্তা ডেস্কের কর্মকর্তাদের সক্ষমতা তৈরিতে দেশের ৪টি বিভাগে ‘Capacity Development Workshop for BB Women Entrepreneurs Development Unit (WEDU) and PFI Officials’ চারটি কর্মশালা আয়োজন করা হয়েছে। কর্মশালাসমূহ বাংলাদেশ ব্যাংকের চট্টগ্রাম, সিলেট, রাজশাহী ও রংপুর অফিসে অনুষ্ঠিত হয়। যাতে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট প্রায় ৩২টি সরকারি-বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। কর্মশালাগুলোতে নারী-উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণের নানাদিক, প্রকল্পের আওতায় ঋণ লাভের যোগ্যতা, প্রয়োজনীয় ডকুমেন্টস, নারী উদ্যোক্তাদের অর্থায়ন কৌশল ইত্যাদি বিষয়ে সেশন পরিচালনা করা হয়। কর্মশালাগুলোতে প্রধান অতিথি ছিলেন এ. কে. এম. ফজলুর রহমান, প্রকল্প পরিচালক ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক। এছাড়া, কর্মশালায় বাংলাদেশ ব্যাংক, এসএমই ফাউন্ডেশন ও এডিবি-র উর্ধ্বতন কর্মশালায় উপস্থিত ছিলেন।

# দিনাজপুর এবং ঠাকুরগাঁওয়ে এসএমই উদ্যোক্তা-ব্যাংকার ঋণ ম্যাচমেকিং প্রোগ্রাম আয়োজন



ঠাকুরগাঁওয়ে ম্যাচমেকিং প্রোগ্রামে আগত উদ্যোক্তা ও অতিথিবৃন্দ

এসএমই খাতের উন্নয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় মূলধনের অভাবকে অন্যতম প্রধান প্রতিবন্ধকতা হিসেবে বিবেচনা করা হয়। ব্যাংক ঋণ প্রাপ্তির ক্ষেত্রে এ খাতের উদ্যোক্তারা বিভিন্ন প্রতিবন্ধকতার সম্মুখিন হয়। এ প্রেক্ষাপটে ফাউন্ডেশন ও বাংলাদেশ ব্রেড, বিস্কুট ও কনফেকশনারী প্রস্তুতকারক সমিতি, উত্তর বঙ্গ পরিষদ-এর উদ্যোগে দিনাজপুর ও ঠাকুরগাঁও জেলার উদ্যোক্তাদের প্রচলিত ব্যাংকিং ব্যবস্থা হতে সহজ শর্তে ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টিতে উক্ত ২টি জেলায় অবস্থিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ এবং সমিতির উদ্যোক্তাদের অংশগ্রহণে ২টি এসএমই উদ্যোক্তা-ব্যাংকার ঋণ ম্যাচমেকিং প্রোগ্রাম আয়োজিত হয়। দিনাজপুরে প্রোগ্রামটি ১৬ মে ২০১৯ পর্যটন মোটেল, দিনাজপুর-এ অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে দিনাজপুর জেলার সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএমই সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সমিতির প্রায় ৬০ জন উদ্যোক্তা উপস্থিত ছিলেন। প্রোগামটি ঠাকুরগাঁওয়ে ২৫ জুন ২০১৯ অনুষ্ঠিত হয়। প্রোগ্রামে প্রায় ৩০ জন উদ্যোক্তা এবং ১৫ জন ব্যাংকার উপস্থিত ছিলেন।

# এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের ব্যবসায় আইসিটি ব্যবহারে সক্ষমতা বৃদ্ধি বিষয়ক কার্যক্রম

এসএমই ফাউন্ডেশন বাংলাদেশের বিভিন্ন এলাকায় ১৭৭টি সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্লাস্টার চিহ্নিত করেছে। বর্তমান অর্থবছরে অগ্রাধিকার প্রাপ্ত ১৪টি ক্লাস্টার উন্নয়নে ফাউন্ডেশন কাজ করছে। এসএমই ক্লাস্টারের উদ্যোক্তাদের ব্যবসায় আইসিটি ব্যবহারে সক্ষমতা বৃদ্ধিকল্পে ২টি কর্মশালা ঢাকায় ৩-৪ এপ্রিল ও ৩০ জুন ২০১৯ এ অনুষ্ঠিত হয়। কর্মশালায় ১৪টি ক্লাস্টারের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। উক্ত কর্মশালায় ব্যবসা অটোমেশনে সরকারের গৃহীত কার্যক্রম, ব্যবসা বিকাশে ওয়েবসাইটের ব্যবহার, সাইবার নিরাপত্তা সচেতনতা, ব্যবসায় আইসিটি/অনলাইনের ব্যবহার ও অনলাইন মার্কেটিং সম্পর্কে আলোচনা করা হয়। কর্মশালাটি উদ্বোধন করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক সফিকুল ইসলাম। এছাড়া উক্ত অনুষ্ঠানে ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদের সদস্য রাশেদুল করিম মুন্না ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ফাউন্ডেশনের সভাকক্ষে কর্মশালায় অংশগ্রহনকারী উদ্যোক্তাগণের একাংশ

# এসএমই নারী উদ্যোক্তাদের জন্য বাজেট আলোচনা অনুষ্ঠিত

এসএমই ফাউন্ডেশন এবং অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনার্স অব বাংলাদেশ (এএফডিবি) যৌথভাবে ৩০ এপ্রিল মঙ্গলবার 'এসএমই নারী উদ্যোক্তাদের জন্য বাজেট আলোচনা' অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো: মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি, শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সালাহউদ্দিন মাহমুদ। স্বাগত বক্তব্য প্রদান করেন এসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইনার্স অব বাংলাদেশ (এএফডিবি)'র প্রেসিডেন্ট মানতাশা আহমেদ। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মো: সফিকুল ইসলাম। আলোচনায় নারী-উদ্যোক্তাদের শিল্প-ব্যবসা শুরুর পরবর্তী পাঁচ বছর ব্যবসা বিকাশে সহায়ক পরিবেশ তৈরি এবং টেকসই শিল্পায়নে আসন্ন জাতীয় বাজেটে অর্ন্তভূক্তির জন্য ৯টি প্রস্তাব পেশ করা হয়। বিভিন্ন নারী উদ্যোক্তা অ্যাসোসিয়েশনের প্রতিনিধি, সাংবাদিকসহ নানা শ্রেণী-পেশার প্রতিনিধিগণ আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।




ঢাকা ক্লাবে আয়োজিত এসএমই নারী উদ্যোক্তাদের জন্য বাজেট আলোচনা

# ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ




ই-কমার্স বিষয়ক সেমিনারে অংশগ্রহনকারী উদ্যোক্তাগণ

দেশের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পসমূহ উৎপাদিত মানসম্পন্ন পণ্য বিপণনে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে। ই-কমার্স সুবিধা ব্যবহার পূর্বক ক্ষুদ্র ও মাঝারি শিল্পসমূহ সহজেই বিশ্বব্যাপী পণ্যের বিপণন করতে সক্ষম। বর্তমান বিশ্ব অর্থনীতিতে ই-কমার্স ক্রমবর্ধমান ব্যবসায়িক কৌশল এবং অর্থনৈতিক উন্নয়নে শক্তিশালী মাধ্যম। পণ্যের কাঁচামাল সংগ্রহ হতে বাজারজাতকরণ পর্যন্ত কার্যাবলী ই-কমার্স সুবিধা ব্যবহারপূর্বক নির্ভুলভাবে সম্পন্ন করা সম্ভব।

এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের অনলাইন ব্যবসা/ ই-কমার্সে সক্ষমতা অর্জনে এসএমই ফাউন্ডেশন কয়েক বছর যাবত কাজ করছে। যার ধারাবাহিকতায় ফাউন্ডেশন ঢাকাসহ বিভাগীয় পর্যায়ে এসএমই উদ্যোক্তাদের জন্য ই-কমার্স / ই-মার্কেটিং/ সোশ্যাল কমার্স সর্ম্পকিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। এপ্রিল-জুন ২০১৯ এ ফাউন্ডেশন ই-কমার্স বিষয়ক ৮টি প্রশিক্ষণ কার্যক্রম ঢাকা, বগুড়া ও জামালপুর জেলাসমূহে আয়োজন করেছে। এতে ১৫১ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রণের পর উদ্যোক্তারা বর্তমানে সহজেই এবং দ্রুততার সাথে বিশ্বব্যাপী এসএমই পণ্যের প্রচার ও প্রসার করতে পারছে। প্রশিক্ষণ সর্ম্পকিত বিস্তারিত তথ্য এসএমই ফাউন্ডেশনের ওয়েব পোর্টাল (http://hrd.smef.org.bd) এ পাওয়া যাবে।

# এসএমই সংশ্লিষ্ট এসোসিয়েশন ও ট্রেডবডিজ এর আইসিটি দক্ষতা বৃদ্ধি বিষয়ক কার্যক্রম

এসএমই খাতের সার্বিক উন্নয়নে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, ট্রেডবডি ও চেম্বারের সক্ষমতা বৃদ্ধি অন্যতম প্রধান পূর্বশর্ত হিসেবে বিবেচিত। বর্তমান ডিজিটাল যুগে এসএমই উদ্যোক্তারা আইসিটিবান্ধব না হলে, তাদের ব্যবসা টেকসই ও সম্প্রসারণ করা প্রায় অসম্ভব। এ প্রেক্ষাপটে, এসএমই ফাউন্ডেশন উদ্যোক্তাদের আইসিটি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ নিয়মিতভাবে প্রদান করছে। ফাউন্ডেশন সেবা প্রদানকারী স্টেকহোল্ডার হিসেবে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, ট্রেডবডি ও চেম্বারের ব্যবস্থাপক ও কর্মকর্তাদের জন্য ২টি আইসিটি বিষয়ক দক্ষতা উন্নয়ন কর্মশালা ঢাকায় ৫-৬ মে ও ১৯-২০ জুন, ২০১৯ এ আয়োজন করে। কর্মশালায় বাংলাদেশ হ্যান্ডিক্রাফটস ম্যানুফেকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বাংলাক্রাফট), বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), বাংলাদেশ ফার্নিসার্স এক্সপোর্টার্স এসোসিয়েশন, বাংলাদেশ এগ্রো-প্রোসেসরস অ্যাসোসিয়েশন (বাপা) এর মনোনিত কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।




এসএমই সংশ্লিষ্ট এসোসিয়েশন ও ট্রেডবডিজ এর আইসিটি দক্ষতা বৃদ্ধি বিষয়ক কার্যক্রম

## 'A Comparative Study on Clusters and non-Clusters Based SME Development in Bangladesh' গবেষণা প্রতিবেদনের যৌক্তিকীকরণ কর্মশালা




'A Comparative Study on Clusters and non-Clusters Based SME Development in Bangladesh' গবেষণার প্রতিবেদনটি যৌক্তিকীকরণে ১৯ মে ২০১৯ ফাউন্ডেশনের সভাকক্ষে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অংশগ্রহণে যৌক্তিকীকরণ কর্মশালার (Validation Workshop) আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম এবং এতে খসড়া প্রতিবেদন উপস্থাপন করেন বিআইডিএস -এর গবেষণা পরিচালক ড. কাজী আলী তৌফীক। কর্মশালায় দেশের বিভিন্ন অ্যাসোসিয়েশন ও চেম্বারের প্রতিনিধিবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী, গবেষক, অর্থনীতিবিদ এবং শিল্প-উদ্যোক্তাসহ বিভিন্ন সরকারি- বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

## ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ই-কমার্স বিষয়ক রিফ্রেশার প্রোগ্রাম

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের অনলাইন ব্যবসা/ ই-কমার্সে সক্ষমতা অর্জনে এসএমই ফাউন্ডেশন গত কয়েক বছর কাজ করছে। যার ধারাবাহিকতায় ফাউন্ডেশন ঢাকাসহ বিভাগীয় পর্যায়ে এসএমই উদ্যোক্তাদের জন্য ই-কমার্স ও ই-মার্কেটিং সম্পর্কিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। প্রশিক্ষণ-পরবর্তী উদ্যোক্তাদের বর্তমান অবস্থা পর্যালোচনা এবং বর্তমান সময়ের প্রয়োজনীয় ও গুরুতপূর্ণ অনলাইন ব্যবসায়িক কৌশলসমূহের সাথে পরিচিতকরণের উদ্দেশ্যে ঢাকায় ৬ এপ্রিল ২০১৯ এ ই-কমার্স বিষয়ক রিফ্রেশার প্রোগ্রাম আয়োজন করা হয়। প্রোগ্রামে অর্ধ শতাধিক উদ্যোক্তা অংশগ্রহণ করেন। মূলত এ প্রোগ্রামে ফাউন্ডেশনের ই- কমার্স ও ই-মার্কেটিং প্রশিক্ষণে পূর্বে অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ অংশগ্রহণ করেন। সেমিনারে উদ্যোক্তাগণ প্রশিক্ষণ-পরবর্তী ব্যবসা ক্ষেত্রে বাস্তবিক যে ধরনের সমস্যাসমুহের সম্মুখীন হচ্ছেন সেগুলো সমাধানের ওপর আলোকপাত করা হয়।




ফাউন্ডেশনের সভাকক্ষে ই-কমার্স বিষয়ক রিফ্রেশার প্রোগ্রামটি অনুষ্ঠিত হয়

## ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান



প্রশিক্ষনে অংশগ্রহনকারী নারী-উদ্যোক্তাবৃন্দ

ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের উন্নয়নে শিল্প ও ব্যবসাবান্ধব পরিবেশ তৈরিতে এসএমই ফাউন্ডেশন দেশের বিভিন্ন স্থানে উদ্যোক্তাদের চাহিদার ভিত্তিতে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করছে। এপ্রিল-জুন ২০১৯ সময়ে এসএমই ফাউন্ডেশন ঢাকা, শরিয়তপুর, মুন্সিগঞ্জ, রংপুর, সিলেট ও মৌলভীবাজার জেলায় নতুন উদ্যোক্তা সৃষ্টির জন্য ৫ দিন মেয়াদি 'How to Start a New Business' ৬টি প্রশিক্ষণ বাস্তবায়ন করেছে। প্রশিক্ষণে নারী ও পুরুষসহ ১৮০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কাপাসিয়া জেলার রায়েদ গ্রামে 'বিভিন্ন ধরনের হস্তশিল্প তৈরি' বিষয়ক ১০ দিন ব্যাপী ১টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৩০ জন নারী উদ্যোক্তা অংশগ্রহণ করে। উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে 'বিভিন্ন ধরণের পাটজাত পণ্য তৈরি' বিষয়ক ৫ দিনব্যাপী ৫টি প্রশিক্ষণ দিনাজপুর (২টি), চট্টগ্রাম, মুন্সিগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়া জেলায় বাস্তবায়িত হয়। প্রশিক্ষণে ১৫০ জন উদ্যোক্তা অংশগ্রহণ করে। ঢাকায় বাস্তবায়িত 'ন্যাচারাল ডাইং' প্রশিক্ষণে ৩০ জন উদ্যোক্তা অংশগ্রহণ করে। ঢাকা, রংপুর ও নারায়ণগঞ্জ জেলায় 'ব্লক ও বাটিক' ৫ দিন ব্যাপী ৩টি প্রশিক্ষণে ৯০ জন উদ্যোক্তা অংশগ্রহণ করে। এছাড়া সিলেট জেলায় 'বিভিন্ন ধরনের চামড়াজাত পণ্য তৈরি' ৫ দিন ব্যাপী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন বিষয়ক ১ টি প্রশিক্ষণ বাস্তবায়িত হয়েছে। প্রশিক্ষণে ৩০ জন উদ্যোক্তা অংশগ্রহণ করে। উদ্যোক্তা উন্নয়নে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে জয়পুরহাট ও চট্টগ্রাম জেলায় 'ফ্যাশন ডিজাইন' ৫ দিন ব্যাপী ২ টি প্রশিক্ষণে ৬০ জন উদ্যোক্তা অংশগ্রহণ করে। এছাড়াও 'বিউটিফিকেশন ও বিউটি পার্লার ব্যবস্থাপনা' বিষয়ে উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নে ঢাকা, মানিকগঞ্জ ও বাগেরহাট জেলায় ৯০ জন উদ্যোক্তা নিয়ে ৫ দিনব্যাপী ৩টি প্রশিক্ষণ বাস্তবায়িত হয়। এছাড়াও ৩০ জন উদ্যোক্তা নিয়ে 'বিভিন্ন ধরণের হস্তশিল্প তৈরি' ৫ দিন মেয়াদী একটি প্রশিক্ষণ রাঙামাটি জেলায় অনুষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব) এর সহায়তায় ৩টি, চিটাগাং উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই) এর সহায়তায় ২টি ও বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) এর সহায়তায় ২টি প্রশিক্ষণ বাস্তবায়িত হয়েছে। 'বিভিন্ন ধরণের চামড়াজাত পণ্য তৈরি', 'নতুন উদ্যোক্তা সৃষ্টি ও ব্যবসা ব্যবস্থাপনা', 'বিউটিফিকেশন ও বিউটি পার্লার ব্যবস্থাপনা', 'ব্লক ও বাটিক', 'বিভিন্ন ধরণের কৃত্রিম ফুল তৈরি' ও 'বিভিন্ন ধরণের পাটজাত পণ্য তৈরি' বিষয়ক ৭টি প্রশিক্ষণ সাতকানিয়া, চট্টগ্রাম (২টি), ফরিদপুর (২টি), কিশোরগঞ্জ, পাবনা ও ময়মনসিংহ জেলায় বাস্তবায়ন করা হয়েছে। প্রশিক্ষণগুলোতে ২১০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।


সম্পাদনা পরিষদ: এস এম শাহীন আনোয়ার, উপব্যবস্থাপনা পরিচালক; মোঃ নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, উপমহাব্যবস্থাপক; মোঃ মাসুম বিল্লাহ, ব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন, রয়েল টাওয়ার, ৪ পান্থপথ, ঢাকা-১২১৫।
ফোন: (+৮৮০২) ৮১৪২৯৮৩, ০৯৬৬৯৩০০০০১-৪, ফ্যাক্স: ৮১৪৩০৪৪, ই-মেইল: info@smef.org.bd ওয়েব সাইট: www.smef.org.bd